





!! নোটিশ !!

এতদ্বারা অত্র পৌরসভার তথ্য ও সংস্কৃতি কমিটির সম্মানিত সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১১/০৮/২০১৯খ্রিঃ তারিখ বেলা ১০.০০ ঘটিকার সময় পৌর কালাচাঁদ সভাকক্ষে উক্ত কমিটির এক সভার আয়োজন করা হয়েছে। আয়োজিত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আলোচ্য বিষয় :

- ১। ১৫ আগষ্ট ২০১৯ জাতীয় শোক দিবস উদযাপন প্রসঙ্গে।
- ২। কম্পিউটার প্রশিক্ষণ ও সেলাই প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।
- ৩। বিবিধ।

সদস্য গণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা।	
০২	জনাবা মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
০৩	জনাব মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
০৪	জনাব মোঃ শাহিনুর রহমান	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	



সৈয়দ মনজুরুল কবির

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

তথ্য সংস্কৃতি কমিটি

মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।





পরিশিষ্ট 'ক'

সভার তারিখঃ ১১/০৮/২০১৯খ্রিঃ

সময় : ১০.০০ ঘটিকা।

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নামঃ	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
০২	জনাবা মোছাঃ শিউলী আক্তার	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	
০৩	জনাব মোছাঃ আলপনা খাতুন	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	
০৪	জনাব মোঃ শাহিনুর রহমান	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা	

উপস্থিত সদস্য গনের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হল।


সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত ৩০/০৪/২০১৯ খ্রিঃ তারিখের সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সকলকে উনুজ্ঞ আলোচনার আহবান জানান। মেয়র, মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, আগামী ১৫ আগস্ট-২০১৯ খ্রিঃ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস। এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে পৌরসভা হতে আগামী কাল থেকে শহরের প্রধান প্রধান সড়কে বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত লিখিত ফেট্টন স্থাপনসহ আলোকসজ্জা করা হবে। এ দিবসটি আরও প্রাণবন্ত করার জন্য পৌরসভার উদ্যোগে কাঞ্চালী ভোজের আয়োজন করা হয়েছে। তাছাড়াও ১৫ আগস্ট বাদ আসর পৌরসভার উদ্যোগে মেহেরপুর বড় বাজার জামে মসজিদ, হোটেল বাজার জামে মসজিদ সহ পৌর এলাকার সকল জামে মসজিদে বঙ্গবন্ধুর আত্মার মাগফেরাত কামনায় মিলাদ মাহফিল এবং দোয়া অনুষ্ঠান পরিচালিত হবে। সে আলোকে বড় বাজার জামে মসজিদে ৪০ কেজি, হোটেল বাজার জামে মসজিদে ৪০ কেজি এবং পৌর সকল মসজিদে ২০ কেজি করে জিলেপি তবারক হিসাবে প্রদান করা হবে।

জনাব মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা সভায় জানান যে, পৌরসভা হতে অসহায়, গরীব, নিঃসম্বল ও প্রতিবন্ধি মহিলাদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। পর্যায়ক্রমে পৌর এলাকায় সকল প্রতিবন্ধি পুরুষ ও মহিলাদের হুইল চেয়ার বিতরণ অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানান।

সভাপতি সাহেব পৌর তথ্য ও সেবা কেন্দ্রে দায়িত্বরত কর্মচারীর নিকট কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে জানতে চাইলে তিনি জানান যে, ১ সেপ্টেম্বর-২০১৯ খ্রিঃ তারিখ হতে ২৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়ে নতুনভাবে কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করবেন। এবং তাদের প্রশিক্ষণ আগামী ৩০ নভেম্বর-২০১৯ ইং তারিখ শেষ হবে।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সৈয়দ মনজুরুল কবির)

কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

ও সভাপতি

তথ্য সংস্কৃতি কমিটি

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

১। মেয়র, মেহেরপুর পৌরসভা।

২। জনাব মোছাঃ শিউলী আক্তার, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

৩। জনাব মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।

৪। জনাব মোঃ শাহিনুর রহমান, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।